আবু হুরাইরা রাযি. থেকে বর্ণিত, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “অচিরেই ফুরাত নদীর পানি শুকিয়ে স্বর্ণের খনি উম্মোচিত হবে। সেসময় কেউ সেখানে উপস্থিত থাকলে সে যেন তা গ্রহণ না করে।”[34]

উক্ত হাদিসের ব্যাখায় হাফেয ইবনে হাযার বলেন,

«السبب في النهي عن الأخذ منه ما يترتب على طلب الأخذ منه من الاقتتال ... وقد أخرج ابن ماجه عن ثوبان رفعه، قال: «يقتتل عند كنزكم ثلاثة كلهم ابن خليفة» فذكر الحديث في المهدي، فهذا إن كان المراد بالكنز فيه الكنز الذي في حديث الباب دل على أنه إنما يقع عند ظهور المهدي...». (فتح الباري: ١٣ : ٨٠ ط. دار الفكر، وهو مصور عن طبعة دار السلفية).

“তা গ্রহণ করতে নিষেধ করা হয়েছে একে কেন্দ্র করে যুদ্ধ বেধে যাওয়ার কারণে, ... ইবনে মাজাহ সাওবান রাযি. থেকে বর্ণনা করেন, “তোমাদের ধনভান্ডারের জন্য তিনজন বাদশাহর ছেলে যুদ্ধ করবে”, যদি এই হাদিসে বর্ণিত ধনভান্ডার দ্বারা আমাদের আলোচ্য হাদিসের ধনভান্ডার উদ্দেশ্য হয় তাহলে তা প্রমাণ করে, ফুরাত নদীর পানি শুকিয়ে ধনভান্ডার প্রকাশ পাবে ইমাম মাহদীর আত্মপ্রকাশের সময়ে।”[35]

---

33 : আলবিদায়া ওয়ান নিহায়া, ১৯-৬২

34 : সহিহ বুখারী, ৭১১৯ সহিহ মুসলিম, ২৮৯৪

35 : ফাতহুল বারী, ১৩/৮০

৩. শায়েখ শুয়াইব আরনাউত বলেন, “এই হাদিসের একজন রাবী আবু কিলাবা রহ. মুদাল্লিস”, অর্থাৎ তিনি এমন রাবীদের থেকেও হাদিস বর্ণনা করেন যাদের থেকে সরাসরি তিনি হাদিস শুনেননি। বরং কারো মাধ্যমে শুনেছেন। কিন্তু তিনি এমনভাবে বর্ণনা করেন যার দ্বারা মনে হয় তিনি হাদিসটি সরাসরি শুনেছেন। মুদাল্লিসদের ক্ষেত্রে মূলনীতি হলো যদি তারা এমন শব্দে হাদিস বর্ণনা করেন যা থেকে সরাসরি শুনেছেন বলে বোঝা যায় (যেমন, سمعتُ، حدثنا) তাহলে তাদের হাদিস গ্রহণযোগ্য হবে। আর যদি এমন শব্দ দিয়ে বর্ণনা করেন যা থেকে সরাসরি শুনেছেন বলে বোঝা যায় না (যেমন عن) তাহলে তাদের হাদিস গ্রহণযোগ্য হবে না। এখানে আবু কিলাবা (عن) শব্দ দিয়েই হাদিস বর্ণনা করেছেন, যা থেকে সরাসরি শোনেছেন বলে বোঝা যায় না, তাই তার হাদিস গ্রহণযোগ্য হবে না।[36]

পর্যালোচনা:- এই আপত্তির প্রথম উত্তর হলো, আবু কিলাবা মুদাল্লিস নন, ইমাম আব্দুর রহমান বিন আবু হাতেম বলেন,

وقلت له –لأبيه أبي حاتم -: أبو قلابة عن معاذة أحب إليك أو قتادة عن معاذة، فقال: جميعا ثقتان، وأبو قلابة لا يُعرف له تدليس. (الجرح والتعديل: ٤ : ٥٨ ط. مجلس دائرة المعارف العثمانية - بحيدر آباد الدكن – الهند، ودار إحياء التراث العربي – بيروت: ١٣٧١ هـ).

আমি আমার পিতাকে জিজ্ঞেস করলাম, মুয়াজা থেকে কাতাদার সূত্রে বর্ণিত হাদিস আপনার নিকট বেশি পছন্দনীয় না আবু কিলাবার সূত্রে বর্ণিত হাদিস। তিনি বললেন, কাতাদা ও আবু কিলাবা উভয়েই নির্ভরযোগ্য, (আর এখানে উভয়েই হাদিস বর্ণনা করেছে (عن) শব্দ দিয়ে, তবে কাতাদা তো মুদাল্লিস, তাই তার এ ধরণের বর্ণনা গ্রহণযোগ্য নয়। কিন্তু) আবু কিলাবা কখনো তাদলিস করেছে এমন প্রমাণ নেই।

তাছাড়া যদি আবু কিলাবা রহ. কে মুদাল্লিস বলে মেনেও নেওয়া হয়, তবুও তার হাদিস সর্বাবস্থায় গ্রহণযোগ্য। কেননা হাফেয ইবনে হাযার তাকে মুদাল্লিসদের প্রথম স্তরে গণ্য

---

36 : সুনানে ইবনে মাজাহর টিকা, শায়েখ শুয়াইব আরনাউত, ৫/২১২

করেছেন যাদের ব্যাপারে তিনি বলেছেন, "তাদের তাদলিস নিতান্তই কম। এজন্যই অধিকাংশ মুহাদ্দিসগণের নিকট তাদের তাদলিসকৃত হাদিস গ্রহণযোগ্য এবং সহিহ বুখারী ও মুসলিমেও বিদ্যমান।"[37]

হাদিস শাস্ত্রের অন্যতম ইমাম আলী ইবনুল মাদিনী রহ. (মৃত্যু: ২৩৪ হি.) বলেন,

إذا كان الغالب عليه التدليس فلا حتى يقول حدثنا

"যে রাবীর অধিকাংশ হাদিসের ক্ষেত্রেই তাদলিস করে তার হাদিস গ্রহণযোগ্য হবে না, যতক্ষণ না সে বলে। (অর্থাৎ এমন শব্দ দিয়ে হাদিস বর্ণনা করে যা থেকে সরাসরি শুনেছে বলে বুঝে আসে।)"[38]

এ থেকে বুঝে আসে যাদের তাদলিস নিতান্তই কম তাদের তাদের তাদলিসকৃত হাদিসও গ্রহণযোগ্য। ইমাম আহমদ, ইয়াহইয়া বিন মাঈন, বুখারী, মুসলিম, তিরমিযি, আবু হাতেম রাযী, ইয়াকুব বিন সুফিয়ান, ইবনে খুযাইমাহ সহ হাদিস শাস্ত্রের অন্যান্য ইমামদের বক্তব্য ও কর্মপদ্ধতি থেকেও এমনটাই বুঝে আসে।[39]

৪ – এই হাদিসে ইমাম মাহদীকে আল্লাহর খলীফা বলা হয়েছে, অথচ মানুষ আল্লাহর খলীফা বা প্রতিনিধি হতে পারে না। কারণ প্রতিনিধিত্বের প্রয়োজন পড়ে দূর্বলদের। সর্বশক্তিমান আল্লাহর জন্য কারো প্রতিনিধিত্বের দরকার হয় না।[40]

পর্যালোচনা:- এই আপত্তিও নিতান্তই ভিত্তিহীন। কুরআনের একাধিক আয়াত থেকে বুঝে আছে, মানুষ পৃথিবীতে আল্লাহর প্রতিনিধি। তারা যমিনে আল্লাহর বিধান বাস্তবায়ন করবে।

---

37 : দেখুন, তবাকাতুল মুদাল্লিসীন, হাফেয ইবনে হাযার, পৃ: ১৩ ও ২১ আততা'নীস, শায়েখ আব্দুল আযীয বিন মুহাম্মদ বিন সিদ্দীক গুমারী, পৃ: ১১১

38 : আলকিফায়াহ, খতীব বাগদাদী, পৃ: ৩৬২

39 : দেখুন, শায়েখ নাসের বিন হামদ ফাহাল্লাহু আসরাহু এর রচিত কিতাব «منهج المتقدمين في التدليس» পৃষ্ঠা ১৫৩ - ১৭৪ শায়েখ আব্দুল আযীয বিন মুহাম্মদ বিন সিদ্দীক গুমারী রচিত «التأنيس بشرح منظومة الذهبي في التدليس», পৃ: ১১১-১১২ এবং 'তাদরীবুর রাবী'র উপর শায়েখ আওয়ামার টিকা, ৩/২৬১-২৬৩

40 : সুনানে ইবনে মাজাহর টিকা, শায়েখ শুয়াইব আরনাউত, ৫/২১২

আল্লাহর বিধান অনুযায়ী পৃথিবী আবাদ করবে, মানুষের পরিচালনা করবে। আল্লাহ তায়ালা বলেন,

وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَائِكَةِ إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَةً

"ঐ সময়ের কথা স্মরণযোগ্য যখন আল্লাহ তায়ালা ফেরেশতাদের বললেন, আমি যমিনে খলিফা তৈরী করবো।[41]"

আয়াতের ব্যাখায় ইমাম কুরতুবী রহ. বলেন,

«والمعني بالخليفة هنا- في قول ابن مسعود، وابن عباس، وجميع أهل التأويل- آدم عليه السلام، وهو خليفة الله في إمضاء أحكامه وأوامره، لأنه أول رسول إلى الأرض». (تفسير القرطبي: ١ : ٢٦٣)

"ইবনে মাসউদ, ইবনে আব্বাস ও অন্যান্য সকল মুফাসসিরের মতে এ আয়াতে খলীফা দ্বারা উদ্দেশ্য হলেন আদম আলাইহিস সালাম, তিনি আল্লাহর আদেশ বাস্তবায়নের ক্ষেত্রে আল্লাহর প্রতিনিধি, কেননা তিনি পৃথিবীতে আল্লাহ তায়ালার প্রেরিত প্রথম রাসুল।"[42]

ইমাম সুয়ুতী রহ. বলেন,

﴿و﴾ اذكر يا محمد ﴿إذ قال ربك للملائكة إني جاعل في الأرض خليفة﴾ يخلفني في تنفيذ أحكامي فيها، وهو آدم. (تفسير الجلالين: ص :٨ ط. دار الحديث)

"হে মুহাম্মদ তুমি ঐ সময়ের কথা স্মরণ করণ যখন তোমার প্রভু ফেরেশতাদের বললেন, আমি যমিনে খলিফা তৈরী করবো, যারা আমার বিধিবিধান বাস্তবায়নে আমার প্রতিনিধি হবে, আর এই প্রতিনিধি হলেন আদম আলাইহিস।"[43]

ইমাম বাইযাবী রহ. বলেন,

---

41 : সূরা বাকারা : ৩০

42 : তাফসীরে কুরতুবী, ১/২৬৩

43 : তাফসীরে জালালাইন, পৃ: ৮

والخليفة من يخلف غيره وينوب منابه، والهاء فيه للمبالغة، والمراد به آدم عليه الصلاة والسلام لأنه كان خليفة الله في أرضه، وكذلك كل نبي استخلفهم الله في عمارة الأرض وسياسة الناس وتكميل نفوسهم وتنفيذ أمره فيهم، لا لحاجة به تعالى إلى من ينوبه، بل لقصور المستخلف عليه عن قبول فيضه، وتلقي أمره بغير وسط، ولذلك لم يستنبئ ملكاً كما قال الله تعالى: وَلَوْ جَعَلْنَاهُ مَلَكاً لَجَعَلْنَاهُ رَجُلًا. (تفسير البيضاوي: ١ : ٦٨)

"খলীফা বলা হয় তাকে, যিনি কোন কাজে অন্যের স্থলাভিষিক্ত হন। আয়াতে খলীফা দ্বারা উদ্দেশ্য হলো আদম আলাইহিস সালাম, কেননা তিনি পৃথিবীতে আল্লাহর খলীফার ছিলেন। তেমনিভাবে প্রত্যেক নবীকে আল্লাহ তায়ালা প্রতিনিধি বানিয়েছেন পৃথিবীকে আবাদ করা, মানুষকে পরিচালনা করা, তাদের অন্তরকে পরিশুদ্ধ করা ও তাদের মাঝে আল্লাহ তায়ালার বিধান বাস্তবায়ন করার জন্য। আল্লাহ তায়ালার প্রতিনিধি বানানোর প্রয়োজন রয়েছে- বিষয়টা এমন নয়। বরং মানুষ সরাসরি আল্লাহ তায়ালার আদেশ নিষেধ গ্রহণ করতে অক্ষম হওয়ার কারণেই মাধ্যম ও প্রতিনিধির প্রয়োজন দেখা দিয়েছে।"[44]

অন্য আয়াতে ইরশাদ হয়েছে,

﴿يَا دَاوُودُ إِنَّا جَعَلْنَاكَ خَلِيفَةً فِي الْأَرْضِ فَاحْكُمْ بَيْنَ النَّاسِ بِالْحَقِّ وَلَا تَتَّبِعِ الْهَوَى فَيُضِلَّكَ عَنْ سَبِيلِ اللهِ﴾. (سورة ص: ٢٦).

হে দাউদ আমি তোমাকে যমিনে প্রতিনিধি বানিয়েছি, সুতরাং তুমি মানুষের মাঝে ইনসাফের সাথে ফয়সালা করবে এবং নিজের প্রবৃত্তির অনুসরন করবে না। (নতুবা) তা তোমাকে আল্লাহর পথ হতে বিচ্যুত করবে।[45]

গত শতাব্দীর বরেণ্য মুফাসসির আল্লামা তাহের বিন আশুর (মৃত্যু: ১৩৯৩ হি.) বলেন,

44 : তাফসীর বাইযাবী, ১/৬৮

45 : সূরা সোয়াদ : ২৬

والخليفة: الذي يخلف غيره في عمل، أي يقوم مقامه فيه، فإن كان مع وجود المخلوف عنه قيل: هو خليفة فلان، وإن كان بعد ما مضى المخلوف، قيل: هو خليفة من فلان. والمراد هنا: المعنى الأول بقرينة قوله: ﴿فاحكم بين الناس بالحق﴾ فالمعنى: أنه خليفة الله في إنفاذ شرائعه. (التحرير والتنوير: ٢٣ : ٢٤٢).

"খলীফা বলা হয় তাকে, যিনি কোন কাজে অন্যের স্থলাভিষিক্ত হন। .... সুতরাং আয়াতের অর্থ হলো, দাউদ আলাইহিস সালাম আল্লাহ তায়ালার বিধিবিধান বাস্তবায়নের ক্ষেত্রে তাঁর প্রতিনিধি।"46

আয়াতে 'খলীফা'র অর্থ শাইখুল হিন্দ মাহমুদুল হাসান রহ.ও 'প্রতিনিধি' করেছেন।47

তো যেমনিভাবে নবী-রাসূলগণ পৃথিবীতে আল্লাহর বিধান বাস্তবায়নের ক্ষেত্রে আল্লাহ তায়ালার প্রতিনিধি তেমনি ইমাম মাহদীও আল্লাহ তায়ালার বিধান বাস্তবায়নের ক্ষেত্রে তাঁর প্রতিনিধি।48 এজন্যই হাদিসে ইমাম মাহদীর খেলাফতকালকে 'খিলাফাহ আলা মিনহাজিন নুবুওয়্যাহ' (নববী আদর্শে পরিচালিত খেলাফত) বলা হয়েছে।49

---

46 : -আততাহরীর ওয়ানতানভীর, ২৩/২৪২

47 : দেখুন, তাফসীরে উসমানী, পৃ: ৫৮৯ ফরিদ বুক ডিপো

48 : যেমনিভাবে বিধান বাস্তবায়নের ক্ষেত্রে নবী-রাসূলগণ আল্লাহর প্রতিনিধি তেমনিভাবে আল্লাহর বিধান বান্দার নিকট পৌঁছানোর ক্ষেত্রে আলেমগণ আল্লাহ তায়ালার প্রতিনিধি, এ বিষয়টি ইমাম ইবনুল কাইয়িম রহ. তার বিখ্যাতগ্রন্থ «إعْلام المُوَقِّعِين عن ربِّ العالمين» (আল্লাহ তায়ালার পক্ষ হতে স্বাক্ষরকারীদের প্রতি সতর্কবাতা) -এ সুন্দরভাবে ফুটিয়ে তুলিছেন, বরং তিনি কিতাবটির নামকরণই এ হিসেবে করেছেন। তিনি বলেন,

«ولما كان التبليغ عن الله سبحانه يعتمد العلم بما يبلغ، والصدق فيه، لم تصلح مرتبة التبليغ بالرواية والفتيا إلا لمن اتصف بالعلم والصدق؛ فيكون عالما بما يبلغ صادقا فيه، ويكون مع ذلك حسن الطريقة، مرضي السيرة، عدلا في أقواله وأفعاله، متشابه السر والعلانية في مدخله ومخرجه وأحواله؛ وإذا كان منصب التوقيع عن الملوك بالمحل الذي لا ينكر فضله، ولا يجهل قدره، وهو من أعلى المراتب السنيات، فكيف بمنصب التوقيع عن رب الأرض والسموات؟ فحقيق بمن أقيم في هذا المنصب أن يعد له عدته، وأن يتأهب له أهبته، وأن يعلم قدر المقام الذي أقيم فيه، ولا يكون في صدره حرج من قول الحق والصدع به؛ فإن الله ناصره وهاديه، وكيف هو المنصب الذي تولاه بنفسه رب الأرباب فقال تعالى: ويستفتونك في النساء قل الله يفتيكم فيهن وما يتلى عليكم في الكتاب﴾ [النساء: ١٢٧] وكفى بما تولاه الله تعالى بنفسه شرفا وجلالة؛ إذ يقول في كتابه: ﴿يستفتونك قل الله يفتيكم في الكلالة﴾ [النساء: ١٧٦] ، وليعلم المفتي عمن ينوب في فتواه، وليوقن أنه مسئول غدا وموقوف بين يدي الله». (إعلام الموقعين: ١ : ٨ دار الكتب العلمية: ١٤١١هـ.)

আলেমদের জন্য আরো কয়েকজন মুফাসসিরের বক্তব্য তুলে দিচ্ছি, একান্ত শাস্ত্রীয় বিষয় হওয়ার কারণে এগুলোর অনুবাদ করা কিছুটা জটিল, করলেও বোধগম্য হবে কি না সন্দেহ।

قال الزمخشري في «الكشاف» : ويجوز أن يريد: خليفة مني، لأنّ آدم كان خليفة الله في أرضه وكذلك كل نبيّ، [قال تعالى] : ﴿إِنَّا جَعَلْنَاكَ خَلِيفَةً فِي الْأَرْضِ﴾. اهـ.

وقال الطيبي في «حاشيته على الكشاف» (٢ : ٤٢٦) :

قوله : ﴿إِنَّا جَعَلْنَاكَ خَلِيفَةً فِي الأَرْضِ﴾ استشهاد لكون آدم خليفة من الله تعالى في أرضه، لأن المراد بالخليفة حينئذ من يجري في الأرض أحكام الله على سنن العدل ونهج الصواب، يدل عليه ترتب قوله: (فَاحْكُمْ بَيْنَ النَّاسِ بِالْحَقِّ) على الوصف بجعله خليفة في الأرض، ولهذا لما فقد هذا المعنى بعد الخلفاء الراشدين، قال صلى

দেখুন, এখানে ইবনুল কাইয়িম রহ. বলছেন, «وليعلم المفتي عمن ينوب في فتواه» "মুফতী যেন স্মরণ রাখে সে কোন মহান স্বত্তার প্রতিনিধিত্ব করছে" তো ফতোয়া প্রদানের ক্ষেত্রে যেমন আল্লাহ তায়ালার প্রতিনিধি হতে পারে তেমনি বিধান বাস্তবায়নের ক্ষেত্রেও হতে পারে।

এ বিষয়টি শায়েখ আওয়ামা রহ. 'মাআলিমু ইরশাদিয়্যাহ' গ্রন্থে (পৃ: ৭৪) ইবনুল কাইয়িমের বক্তব্য উল্লেখ করার পরে স্পষ্টভাবে বলেছেন, তিনি লিখেন,

> فنبَّه رحمه الله إلى أن العالم المفتي إنما هو خليفة عن الله عز وجل الذي تولّىٰ الإفتاء في بعض مسائل الأمة التي وُجِّهت إلى النبي ﷺ، ومن هذا الملحظ سمَّى رحمه الله كتابه المذكور بهذا الاسم الخطير: «إعلام الموقعين عن رب العالمين»، أي: إن المفتي حينما يُصدر فتواه، ويمهر ختامها بتوقيعه، فإنما يوقِّع عن رب العالمين، رب الأرض والسموات، بأن ما أقوله لكم وأكتبه، هو قول الله تعالىٰ، وبالتالي هو قول رسوله ﷺ أيضاً.

49 : মুসনাদে আহমদ, হাদিস, ১৮৪০৬

الله عليه وسلم: «الخلافة في أمتي ثلاثون سنة، ثم ملك بعد ذلك». رواه الترمذي عن سفينة، وروى أبو داود عنه: «خلافة النبوة ثلاثون سنة، ثم يؤتي الله الملك من يشاء».

[قال] الراغب: «إنما استخلف الله تعالى آدم لقصور المستخلف عليه أن يقبل التأثير من المستخلف» وذلك ظاهر، فإن السلطان جعل الوزير بينه وبين رعيته إذ هم أقرب إلى قبولهم منه، وكذا الواعظ جعل بين العامة والعلماء الراسخين، فإن العامة أقبل منهم من العالم الراسخ، وليس ذلك لعجزه بل لعجز العامة عن القبول منه. اهـ.

وقال الإمام الرازي في تفسيره :

في تفسير كونه خليفة وجهان :

الأول : جعلناك تخلف من تقدمك من الأنبياء في الدعاء إلى الله تعالى، وفي سياسة الناس، لأن خليفة الرجل من يخلفه، وذلك إنما يُعقل في حق من يصح عليه الغيبة، وذلك على الله محال.

الثاني : إنا جعلناك مالكا للناس ونافذ الحكم فيهم، فبهذا التأويل يسمى خليفة، ومنه يقال: «خلفاء الله في أرضه»، وحاصله: أن خليفة الرجل يكون نافذَ الحكم في رعيته، وحقيقة الخلافة ممتنعة في حق الله، فلما امتنعت الحقيقة جُعلت اللفظة مفيدة اللزوم في تلك الحقيقة، وهو نفاذ الحكم. (تفسير الرازي: ٢٦ : ٣٨٦).

আর প্রতিনিধিত্ব শুধু অক্ষমতার কারণেই হয় এ দাবীও সঠিক না। বরং কখনো অন্য কোন হিকমত বা কারণেও আল্লাহ তায়ালা নিজের প্রতিনিধি নিযুক্ত করেন। উপরে আমরা যে মুফাসসিরদের বক্তব্য নকল করেছি, তাদের মধ্যে ইমাম বাইযাবী ও রাগেব ইস্পাহানী রহ. সুস্পষ্টরুপে বলেছেন, "আল্লাহ তায়ালা বান্দাদেরকে প্রতিনিধি বানান, আল্লাহ তায়ালার অক্ষমতার কারণে নয়, বরং বান্দারা আল্লাহ তায়ালা থেকে সরাসরি গ্রহণ করতে সক্ষম না হওয়ার কারণে।"

আল্লাহ তায়ালা বলেন,

وَمَا كَانَ لِبَشَرٍ أَنْ يُكَلِّمَهُ اللهُ إِلَّا وَحْيًا أَوْ مِنْ وَرَاءِ حِجَابٍ أَوْ يُرْسِلَ رَسُولًا فَيُوحِيَ بِإِذْنِهِ مَا يَشَاءُ إِنَّهُ عَلِيٌّ حَكِيمٌ

(سورة الشورى: ٥١)

কোন মানুষের এ ক্ষমতা নেই যে, আল্লাহ তায়ালা তার সাথে (সামনাসামনি) কথা বলবেন, তবে ওহীর মাধ্যমে (বলতে পারেন), কিংবা পর্দার আড়াল হতে, কিংবা তিনি কোন বার্তাবাহী (ফেরেশতা) পাঠিয়ে দেবেন, যে তার নির্দেশে তিনি যা চান সেই ওহীর বার্তা পৌঁছে দেবে। নিশ্চয়ই তিনি অতি উচ্চ মর্যাদাসম্পন্ন, হেকমতেরও মালিক।[50]

তেমনিভাবে আল্লাহ তায়ালা আসমান-যমিনের বিভিন্ন বিষয় পরিচালনা ও বাস্তবায়নের দ্বায়িত্ব ফেরেশতাদের প্রদান করেন, তো যেমনিভাবে আসমান-যমিনের কোন বিষয় বাস্তবায়নের দ্বায়িত্ব ফেরেশতাদের প্রদান করা আল্লাহ তায়ালার অক্ষমতার কারণে নয়, তেমনিভাবে পৃথিবীতে আল্লাহ তায়ালার বিধান বাস্তবায়ন ও সেই বিধান অনুযায়ী পরিচালনার দ্বায়িত্ব মানুষকে প্রদান করাও অক্ষমতার কারণে নয়। আল্লাহ তায়ালা বলেন,

﴿فَالْمُدَبِّرَاتِ أَمْرًا﴾

"(কসম ঐ ফেরেশতাদের) যারা আদেশ বাস্তবায়ন করে"। সূরা নাযিয়াত, ৫

আয়াতের ব্যাখ্যায় শায়েখ সাদী রহ. বলেন,

﴿فَالْمُدَبِّرَاتِ أَمْرًا﴾ الملائكة، الذين وكلهم الله أن يدبروا كثيرا من أمور العالم العلوي والسفلي، من الأمطار، والنبات، والأشجار، والرياح، والبحار، والأجنة، والحيوانات، والجنة، والنار وغير ذلك. (تفسير السعدي: ص ٩٠٨)

50 : সুরা শুরা: ৫১

"অর্থাৎ ঐ ফেরেশতাদের শপথ যাদেরকে আল্লাহ তায়ালা বৃষ্টি, উদ্ভিদ, বৃক্ষ, বায়ু, সমুদ্র, গর্ভের সন্তান, সকল প্রাণী এবং জান্নাত, জাহান্নাম সহ উর্ধ্বজগত ও নিম্নজগত (দুনিয়া ও আখেরাতের) বিভিন্ন বিষয় বাস্তবায়নের দ্বায়িত্ব প্রদান করেছেন।"51

তাছাড়া যদি মাহদীকে আল্লাহর প্রতিনিধি বলা সমস্যাজনক হয় তবুও এর কারণে হাদিস যয়ীফ হবে না। কেননা শায়েখ আব্দুল আলীম বিস্তাভী বলেন,

والإضافة في قوله «خليفة الله» إضافة تشريف مثل «بيت الله» و «ناقة الله» و «أهل الله» وليست بمعنى النائب عن الله لأن الله سبحانه وتعالى ليس له نائب.

وقد وردت كلمة «خليفة» في الأحاديث للدلالة على أمير المسلمين مثل الحديث الآتي في الباب الثاني من هذا الكتاب «من خلفائكم خليفة يحثو المال حثياً، لا يعده عداً» وقد أخرجه مسلم وغيره.

وحديث حذيفة الذي أخرجه أبو داود: إن الناس كانوا يسألون رسول الله ﷺ عن الخير وكنت أسأله عن الشر إلخ وفيه «إن كان لله خليفة في الأرض فضرب ظهرك الحديث» وهو حديث حسن كما في صحيح سنن أبي داود[١] فاستخدمت كلمة «خليفة» لقباً لأمير المسلمين وأضيفت إلى الله سبحانه وتعالى تشريفاً وتكريماً. والله أعلم.

"আলোচ্য হাদিসে ইমাম মাহদীকে 'আল্লাহর খলীফা' বলা হয়েছে, তার সম্মানার্থে, যেমনিভাবে কুরআনে কাবা শরীফকে 'আল্লাহর ঘর' এবং সালেহ আলাইহিস সালামের উটনীকে 'আল্লাহর উটনী' এবং হাদিসে কুরআনের ধারক-বাহকদের 'আল্লাহর পরিবার' বলা হয়েছে। ইমাম মাহদী 'আল্লাহর খলীফা' হওয়ার অর্থ এই নয় যে, তিনি আল্লাহর প্রতিনিধি, কেননা আল্লাহ তায়ালার কোন প্রতিনিধি হতে পারে না।

একাধিক হাদিসে মুসলিম শাসককে খলীফা বলা হয়েছে, যেমন সহিহ মুসলিমের এক হাদিসে বর্ণিত হয়েছে, "তোমাদের খলীফাদের মধ্যে একজন খলীফা এমন হবে যে অঢেল সম্পদ বিলি করবে, কোন হিসাব-নিকাশ করবে না।"

---

51 : তাফসীরে সাদী, পৃ: ৯০৮

আর সুনানে আবু দাউদে বর্ণিত হুযাইফা রাযি. এর হাদিসে বলা হয়েছে, “যদি যমিনে আল্লাহ তায়ালার কোন খলীফা থাকে তবে তুমি তাকে আকড়ে থাকবে, (তার আনুগত্য করবে) যদিও সে তোমার পিঠে প্রহার করে, তোমার সম্পদ বাজেয়াপ্ত করে। আলবানী রহ. এই হাদিসটিকে হাসান বলেছেন।

তো যেমনিভাবে এই হাদিসে মুসলিম শাসককে খলীফা বলা হয়েছে এবং তার সম্মানার্থে তাকে আল্লাহ তায়ালার দিকে সম্বন্ধ করে ‘আল্লাহর খলীফা’ বলা হয়েছে তেমনিভাবে আমাদের আলোচ্য হাদিসেও ইমাম মাহদী মুসলমানদের শাসক হওয়ার কারণে সম্মানার্থে তাকে ‘আল্লাহর খলীফা’ বলা হয়েছে।”52

৫ – শায়েখ শুয়াইব আরনাউত বলেন, “হাদিসের সব রাবী ছিকাহ-নির্ভরযোগ্য, কিন্তু সুফিয়ান সাওরী রহ. এ হাদিসটি মরফু বা রাসুলের হাদিস রুপে বর্ণনা করেছেন, পক্ষান্তরে আব্দুল ওয়াহহাব বিন আতা’ হাদিসটি মওকুফ অর্থাৎ সাওবান রাযি. এর নিজের কথা হিসেবে বর্ণনা করেছেন।”53

পর্যালোচনা:- প্রথমত সুফিয়ান সাওরী হাদিসের মহান ইমাম, ‘আমিরুল মুমিনীন ফিল হাদিস’, সুতরাং আব্দুল ওয়াহহাব তার বিপরীত হাদিস বর্ণনা করলে সুফিয়ান সাওরীর হাদিসই অগ্রগণ্য হবে। তাছাড়া যদি এ হাদিসটিকে মওকুফ বা সাওবান রাযি. এর নিজস্ব বাণী হিসেবে মেনেও নেওয়া হয় তবুও এটি রাসুলের হাদিস বলেই গণ্য হবে। কেননা হাদিস শাস্ত্রের মূলনীতি অনুযায়ী সাহাবী যদি এমন কিছু বলে যা রাসুলের মাধ্যম ছাড়া জানা সম্ভব নয়, যেমন আখেরাতের বিষয়াদী, কোন বিষয়ে ভবিষ্যদ্বানী ইত্যাদি, তাহলে তা রাসুলের বাণী হিসেবেই ধরা হয় এবং তাকে মরফু’ হুকমী বলা হয়।54

---

52 : আলমাহদিউল মুন্তাযার, পৃ: ১৯৩

53 : মুসনাদে আহমদের টিকা, শায়েখ শুয়াইব আরনাউত, ৩৭/৭১

54 : – দেখুন, নুযহাতুন নযর, হাফেয ইবনে হাযার, পৃ ১৩৯; ফাতহুল মুগিস, হাফেয সাখাভী, ১/১৫৬

৬- একটি রিসালায় কালোপতাকার ব্যাপারে বর্ণিত সবগুলো হাদিসকে যয়ীফ প্রমাণ করার চেষ্টা করা হয়, সেখানে আলোচনার শুরুতে জোরগলায় বলা হয়, “ইবনে কাসীর বা অন্য কে কে কালোপতাকার হাদিসকে সহিহ বলেছে সেগুলো আমরা দেখবো না, আমরা সনদ নিয়ে আলোচনা করবো, সনদের বিচারেই সহিহ-যয়ীফ নির্ণয় করবো।” কিন্তু মজার বিষয় হলো, পরবর্তীতে সে রিসালাতেই আমাদের আলোচ্য হাদিসটির সনদ নিয়ে কোন আলোচনা না করে, শুধু এই কারণে তাকে যয়ীফ বলে দেওয়া হয় যে, হাফেয মিযযী (মুত্যু: ৭৪২ হি.) রহ. বলেছেন, “ইবনে মাজাহর যে হাদিসগুলো কুতুবে খমসা (বুখারী, মুসলিম, নাসায়ী, আবু দাউদ, তিরমিযির) কোনটিতে নেই সেটি যয়ীফ।” অথচ মিযযী রহ. এর কথার বিপরীতে আবু যুরআ রহ. (মৃত্যু: ২৭৮ হি.) বলেছেন, “ইবনে মাজাহর সাতটা হাদিস ব্যতীত সব হাদিসই সহিহ।”55

আসলে এগুলো হলো «قاعدة أكثرية» বা এমন মৌলিক নীতিমালা যা অধিকাংশ ক্ষেত্রে প্রয়োগ হলেও কখনো কখনো এর বিপরীতও হয়। তাই এধরণের নীতিমালাকে মূল ভিত্তি না বানিয়ে প্রতিটি হাদিসের সনদ যাচাই করার পাশাপাশি হাদিসের ব্যাপারে পূর্ববর্তী ইমামদের বক্তব্য থেকে সহযোগিতা নেওয়া- এটাই হলো হাদিসের তাসহিহ-তাযয়ীফ বা মাননির্ণয়ের সঠিক পদ্ধতি। পূর্ববর্তী ইমামদের বক্তব্যকে সম্পূর্ণ উপেক্ষা করে শুধু সনদ যাচাই করে হাদিসের ব্যাপারে সঠিক সিদ্ধান্তে পৌঁছা আমাদের জন্য শুধু কঠিনই বরং প্রায় অসম্ভব।

তাছাড়া হাফেয ইবনে হাযার বলেন, “ইবনে মাজাহর ব্যাপারে মিযযীর উক্ত বক্তব্যটি ঐ হাদিসসমূহের ক্ষেত্রে যার রাবীদের থেকে ইবনে মাজাহ এককভাবে হাদিস বর্ণনা করেছেন, কুতুবে খমসার অন্য কেউ সেই সব রাবীদের হাদিস বর্ণনা করেননি। কেননা ইবনে মাজাহয় এমন অনেক সহিহ ও হাসান হাদিস রয়েছে যা কুতুবে খমসায় নেই”।

55 : -তাহযীবুত তাহযীব, ৯/৫৩২

আর আমরা দেখেছি, সাওবান রাযি. এর সূত্রে বর্ণিত হাদিসের সকল রাবীই সহিহ বুখারী কিংবা মুসলিমের রাবী, সুতরাং উক্ত হাদিসে মিযযী রহ. এর বর্ণিত মূলনীতিটি খাটবে না। হাফেয ইবনে হাযার তাহযীবুত তাহযীবে (৯ : ৫৩১) বলেন,

«كتابه في السنن جامع جيد كثير الأبواب والغرائب، وفيه أحاديث ضعيفة جدا، حتى بلغني أن السري كان يقول: مهما انفرد بخبر فيه هو ضعيف غالبا، وليس الأمر في ذلك على إطلاقه باستقرائي، وفي الجملة ففيه أحاديث منكرة، والله تعالى المستعان. ثم وجدت بخط الحافظ شمس الدين محمد بن علي الحسيني ما لفظه: «سمعت شيخنا الحافظ أبا الحجاج المزي يقول: كل ما انفرد به ابن ماجة فهو ضعيف، يعني بذلك ما انفرد به من الحديث عن الأئمة الخمسة». انتهى ما وجدته بخطه. وهو القائل، يعني: وكلامه هو ظاهر كلام شيخه، لكن حمله على الرجال أولى، وأما حمله على أحاديث فلا يصح، كما قدمت ذكره من وجوه الأحاديث الصحيحة والحسان مما انفرد به من الخمسة، فمن أمثلة الصحاح حديث .... ومن أمثلة الحسان حديث .... ومن أمثلة الرجال حديث .... وذكره ابن طاهر في المسور: «أن أبا زرعة وقف عليه، فقال: ليس فيه إلا نحو سبعة أحاديث». اهـ. (تهذيب التهذيب: ٩ : ٥٣١)

খোরাসানের কালোপতাকার ব্যাপারে বর্ণিত দ্বিতীয় হাদিস

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَخْرُجُ مِنْ خُرَاسَانَ رَايَاتٌ سُودٌ لاَ يَرُدُّهَا شَيْءٌ حَتَّى تُنْصَبَ بِإِيلِيَاءَ». جامع الترمذي: (٢٢٦٩) وقال الترمذي (هَذَا حَدِيثٌ غَرِيبٌ). ورجاله ثقات، إلا رشدين بن سعد، وهو ضعيف، ولكنه صالح للمتابعة والاعتبار، قال الحافظ ابن عدي: (وهو مع ضعفه يُكتب حديثه). وقال الذهبي: (قال أحمد: لا يبالى عمن روى، وليس به بأس في الرقاق، وقال: أرجو أنه صالح الحديث). (الكامل: ٤ : ٨٥ ط. الكتب العلمية؛ ميزان الاعتدال: ٢ : ٤٩ ط. دار المعرفة).

অর্থ: আবু হুরাইরা রাযি. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "খোরাসান হতে কালো পতাকাধারী বাহিনী বের হতে হবে, কেউ তাদের প্রতিহত করতে পারবে না, যতক্ষণ না তা (ফিলিস্তীনের) 'ই'লা' নামক স্থানে গাড়া হয়।"[56]

হাদিসের মান:- হাদিসের সব বর্ণনাকারী ছিকাহ-বিশ্বস্ত, শুধু একজন 'রিশদীন বিন সা'দ' যয়ীফ, তাই হাদিসটি যয়ীফ। কিন্তু ইমাম আহমদ ও হাফেয ইবনে আদী বলেছেন, রিশদীন যয়ীফ হলেও মাতরুক বা পরিত্যাজ্য নয়, তাই তার হাদিস অন্য হাদিসের সমর্থক হতে পারে।[57]

56 : জামে' তিরমিযি, ২২৬৯

57 : আলকামেল, ৪/৮৫ মিযানুল ই'তিদাল, ২/৪৯

খোরাসানের কালোপতাকার ব্যাপারে বর্ণিত তৃতীয় হাদিস

حدثنا وكيع، عن شريك، عن علي بن زيد، عن أبي قلابة، عن ثوبان قال: قال رسول الله صلى الله عليه وسلم: «إذا رأيتم الرايات السود قد جاءت من قبل خراسان، فأتوها؛ فإن فيها خليفة الله المهدي». أخرجه أحمد: (٢٢٣٨٧) وفي إسناده شريك بن عبد الله النخعي، قال الذهبي في «سير أعلام النبلاء» (١٥ : ٢٠٠ – ٢١٦): (وثقه يحيى بن معين، وقال: هو أثبت من أبي الأحوص. قلت: مع أن أبا الأحوص من رجال (الصحيحين)، وما أخرجا لشريك سوى مسلم في المتابعات قليلا. وخرج له: البخاري تعليقا. قال ابن المبارك: شريك أعلم بحديث بلده من الثوري. فذكر هذا لابن معين، فقال: ليس يقاس بسفيان أحد، لكن شريك أروى منه في بعض المشايخ. وقال النسائي: ليس به بأس. وقال الجوزجاني: سيئ الحفظ، مضطرب الحديث، مائل. قال معاوية بن صالح الأشعري: سألت أحمد بن حنبل عن شريك، فقال: كان عاقلا، صدوقا، محدثا، وكان شديدا على أهل الريب والبدع، قديم السماع من أبي إسحاق قبل زهير، وقبل إسرائيل. فقلت له: إسرائيل أثبت منه؟ قال: نعم. قلت له: يحتج به؟ قال: لا تسألني عن رأيي في هذا. قلت: فإسرائيل يحتج به؟ قال: إي لعمري. قال أبو داود: شريك ثقة، يخطئ على الأعمش. وقال صالح جزرة: قل ما يحتاج إلى شريك في الأحاديث التي يحتج بها، ولما ولي القضاء، اضطرب حفظه. قال يعقوب بن شيبة: كان شريك ثقة، مأمونا، كثير الحديث، أنكر عليه الغلط والخطأ).

وفيه أيضا علي بن زيد بن جدعان، وهو مع ضعفه صالح للاعتبار، قال الذهبي في ميزان الاعتدال (٣ : ١٢٨ – ١٢٩) : (اختلفوا فيه، قال الجريري: أصبح فقهاء البصرة عميانا ثلاثة: قتادة، وعلى بن زيد، وأشعث الحدانى. وقال منصور بن زاذان: لما مات الحسن البصري قلنا لعلى بن زيد: اجلس مجلسه. قال موسى بن إسماعيل: قلت لحماد بن سلمة: زعم وهيب أن على بن زيد كان لا يحفظ. قال: ومن أين كان وهيب يقدر على

مجالسة علي، إنما كان يجالسه وجوه الناس. قال أبو حاتم: يكتب حديثه، هو أحب إلى من يزيد بن أبي زياد ... قال الترمذي: صدوق. وقال الدارقطني: لا يزال عندي فيه لين).

وقال الحافظ ابن عدي في الكامل بعد ذكر جملة من أحاديثه : (٦ : ٣٤٤) : (ولعلي بن زيد غير ما ذكرت من الحديث أحاديث صالحة، ولم أر أحدا من البصريين وغيرهم امتنعوا من الرواية عنه. وكان يغالي في التشيع في جملة أهل البصرة، **ومع ضعفه يكتب حديثه**).

وقال الحافظ ابن حجر في «القول المسدد» (ص: ٤٢ ط. مكتبة ابن تيمية) : (أورده ابن الجوزي في الموضوعات من حديث عبيدة، وهو ابن عمرو عن عبد الله، وهو ابن مسعود، وقد أخرجه الإمام أحمد من حديث ثوبان، ومن طريقه أخرجه ابن الجوزي أيضا في كتاب الأحاديث الواهية، وفي طريق ثوبان علي بن زيد بن جدعان، وفيه ضعف، ولم يقل أحد إنه كان يتعمد الكذب حتى يحكم على حديثه بالوضع إذا انفرد، وكيف؟ وقد توبع من طريق آخر رجاله غير رجال الأول، أخرجه عبد الرزاق والطبراني وأخرجه أحمد أيضا والبيهقي في الدلائل من حديث أبي هريرة يرفعه: يخرج من خراسان رايات سود لا يردها شيء حتى تنصب بإيلياء. وفي سنده رشدين بن سعد،وهو ضعيف).

অর্থ: সাওবান রাযি. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যখন তোমরা খোরাসান হতে কালো পতাকার আগমণ দেখতে পাবে, তখন তোমরা সেই পতাকাতলে জড়ো হবে, কেননা তাতে আল্লাহর খলীফা মাহদী থাকবে।"[58]

হাদিসের মান:- এই হাদিসের দুজন রাবী যয়ীফ, একজন হলেন আলী বিন যায়েদ বিন জুদয়ান। অপরজন শরীক বিন আব্দুল্লাহ আননাখায়ী, শরিক অনেক বড় ফকিহ ও মুহাদ্দিস, ইমাম ইয়াহইয়া বিন মাঈন, আবু দাউদ ও নাসায়ী তাকে ছিকাহ-নির্ভরযোগ্য বলেছেন, ইমাম মুসলিম সহিহ মুসলিমে অন্য হাদিসের সমর্থক হিসেবে তাঁর বর্ণিত হাদিস এনেছেন। মূলত কাযীর দ্বায়িত্বগ্রহণের পরে বিচার-ফয়সালার কাজে ব্যস্ততার দরুন তাঁর হাদিস চর্চা

58 : মুসনাদে আহমদ, ২২৩৮৭

কমে যায়, তখন হাদিস বর্ণনার ক্ষেত্রে তার ভুলত্রুটি হয়ে যেতো। এ কারণে তার একক বর্ণনা অধিকাংশ মুহাদ্দিস গ্রহণ করেন না।[59] তবে হাদিসটি অন্য হাদিসের সমর্থক হওয়ার যোগ্য, কেননা এ হাদিসটি শরিকের একক বর্ণনা নয়, আর আলী বিন যায়েদ যয়ীফ হলেও মাতরুক নন।[60]

ইবনুল জাওযী হাদিসটিকে মওযু আখ্যা দিয়েছিলেন, কিন্তু হাফেয ইবনে হাযার তার মত প্রত্যাখান করে বলেন, "যায়েদ বিন জুদয়ান যয়ীফ হলেও সে ইচ্ছাকৃত মিথ্যা হাদিস বলে এমন কথা কোন মুহাদ্দিস বলেননি। সুতরাং যদি যায়েদ এককভাবে হাদিসটি বর্ণনা করতেন তবেও তা মওযু হতো না। অথচ এই হাদিসে যায়েদের 'মুতাবি' বা সমর্থকও রয়েছে, আব্দুর রাযযাক, আহমদ, তবরানী বাইহাকী প্রমুখ আবু হুরাইরা রাযি. হতে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "খোরাসান হতে কালো পতাকাধারী বাহিনী বের হতে হবে, কেউ তাদের প্রতিহত করতে পারবে না, যতক্ষণ না তা (ফিলিস্তীনের) 'ই'লা' নামক স্থানে গাড়া হয়"। এই হাদিসের সনদে রিশদীন বিন সা'দ নামী একজন যয়ীফ রাবী রয়েছে।[61]

হাফেয ইবনে হাযারের এই বক্তব্য প্রমাণ করে, আমাদের আলোচ্য হাদিস এবং ইতিপূর্বে বর্ণিত আবু হুরাইরার হাদিস উভয়টি যয়ীফ হলেও এগুলো অন্য হাদিসের সমর্থক হওয়ার যোগ্য।

---

59 : সিয়ারু আলামিন নুবালা, ১৫/২০০-২১৬

60 : দেখুন, আলকামেল, হাফেয ইবনে আদী, ৬/৩৪৪

61 : -আলকাওলুল মুসাদ্দাদ, পৃ: ৪২

খোরাসানের কালোপতাকার ব্যাপারে বর্ণিত চতুর্থ হাদিস

عن عبد الله، قال: «بينما نحن عند رسول الله صلى الله عليه وسلم إذ أقبل فتية من بني هاشم، فلما رآهم النبي صلى الله عليه وسلم اغرورقت عيناه وتغير لونه، قال: فقلت: ما نزال نرى في وجهك شيئا نكرهه، فقال: إنا أهل بيت اختار الله لنا الآخرة على الدنيا، وإن أهل بيتي سيلقون بعدي بلاء وتشريدا وتطريدا، حتى يأتي قوم من قبل المشرق معهم رايات سود، فيسألون الخير فلا يعطونه، فيقاتلون فينصرون، فيعطون ما سألوا، فلا يقبلونه حتى يدفعوها إلى رجل من أهل بيتي فيملؤها قسطا، كما ملؤوها جورا، فمن أدرك ذلك منكم، فليأتهم ولو حبوا على الثلج». رواه ابن ماجه، (٤٠٨٢) وروى نحوه أبو يعلى في مسنده، (٥٠٨٤) وقال الإمام ابن كثير في البداية والنهاية : (٩ : ٢٧٩ الناشر: دار هجر، الطبعة: الأولى، ١٤١٨ هـ) : (إسناده حسن). وقال الهيثمي في مجمع الزوائد: (رقم: ١٢٤٠٥) : (وفيه يزيد بن أبي زياد، وهو لين، وبقية رجاله ثقات). وقال العقيلي في الضعفاء: (٤ : ٣٨٠ – ٣٨١) : (حدثنا زياد بن أيوب، حدثنا علي بن محمد قال: سمعت وكيعا يقول: يزيد بن أبي زياد ، عن إبراهيم، عن علقمة، عن عبد الله، - يعني حديث الرايات - ليس بشيء. ..... حدثنا عبد الله قال: سمعت أبي يقول: حديث إبراهيم ، عن علقمة، عن عبد الله، ليس بشيء - يعني حديث يزيد بن أبي زياد - ، قلت لعبد الله: الرايات السود؟ قال: نعم).

وقال ابن كثير في التكميل في الجرح والتعديل: (٢ : ٣٣٣) (قال شعبة: كان رَفَّاعاً. وقال مَرَّة: لا أبالي إذا كتبت عنه أن لا أكتب عن غيره. قال ابن المبارك: أرم به. قال ابن مهدي: ليث بن أبي سليم أحسن حالاً منه ومن عطاء بن السائب. وقال جرير بن عبد الحميد: يزيد أحسنهم استقامة في الحديث ثم عطاء بن السائب. وقال محمد بن فضيل: كان من أئمة الشيعة الكبار. وقال أحمد: لم يكن بالحافظ. وقال مَرَّة: ليس بذاك. وقال ابن معين: لا يحتج بحديثه. وقال مرة: ليس بالقوي. وقال العِجْلِيُّ: جائز الحديث، وكان بأخرة يُلَقَّن، وأخوه

برد ثقة. وقال أبو زرعة: يكتب حديثه، ولا يحتج به. وقال أبو حاتم: ليس بالقوي. وقال الجوزجاني: سمعتهم يضعفون حديثه. وقال أبو داود: لا أعلم أحداً ترك حديثه، وغيره أحب إلي منه. وقال ابن عدي: هو من شيعة أهل الكوفة، ومع ضَعْفِه يكتب حديثه).

وقال الشيخ عوامة في تعليقه على مصنف ابن أبي شيبة: (ويزيد بن أبي زياد: هو الهاشمي ولاء، الكوفين وهو صدوق في نفسه، ثم ضعفوه لما كبر وصار يتلقن. بل لم يرض تضعيفه بهذا بعضُ الأئمة، ففي «ثقات» ابن شاهين (١٥٦١) عن أحمد بن صالح المصري الإمام: «ثقة، لا يعجبني قول من تكلم فيه». ونقل يعقوب بن سفيان في «المعرفة والتاريخ» ٣ : ٨١ عن ابن معين تضعيف حديثٍ ليزيد، ثم قال يعقوب: «وإن كان قد تكلم الناس فيه لتغيره في آخر عمره، فهو على العدالة والثقة، وإن لم يكن مثل منصور والحكم والأعمش، فهو مقبول القول ثقة». فكأن تغيُّره كان خفيفا لا يؤثر عليه، وانظر بمن قارنه: بمنصور والحكم والأعمش!. وقال أبو داود في «سؤالات الآجري» (٤٩٣) : «ثبت! لا أعلم أحدا ترك حديثه، وغيره أحبُّ إليَّ منه». وقد وثقه العجلي أيضا: (٢٠١٩) ووصفع بالتغير). اهـ.

অর্থ: আব্দুল্লাহ বিন মাসউদ রাযি. হতে বলেন, আমরা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট ছিলাম, তখন বনু হাশেমের কিছু যুবক রাসূলের নিকট আসলো, তাদের দেখে নবীজির চোখে পানি এসে গেলো, তার (চেহারার) রং পরিবর্তিত হয়ে গেলো। আমি বললাম, হে আল্লাহর রাসুল আমরা আপনার চেহারায় এমন কিছু দেখছি যা আমাদের পছন্দ নয়। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমরা এমন পরিবার যাদের জন্য আল্লাহ তায়ালা দুনিয়াতে পরিবর্তে আখেরাত নির্বাচন করেছেন। আমার অবর্তমানে আমার পরিবার জুলুম-নিপীড়নের শিকার হবে, অনন্তর পূর্ব দিক হতে কালোপতাকাবাহী এক জাতি আসবে, তারা কল্যাণ চাইবে, কিন্তু তাদেরকে তা প্রদান করা হবে না। ফলে তারা যুদ্ধ করে বিজয়ী হবে, তখন তাদেরকে তাদের কাঙ্খিত বস্তু প্রদান করা হবে, কিন্তু তারা তা গ্রহণ না করে আমার পরিবারের একজনের নিকট তা অর্পন করবে। সে জুলুম-অত্যাচারে ভরা দুনিয়াকে আদল-ইনসাফ দ্বারা পরিপূর্ণ করে দিবে।

সুতরাং তোমাদের কেউ তার যমানা পেলে সে যেন বরফে হামাগুড়ি দিয়ে হলেও তার নিকট আসে।[62]

হাদিসের মান: ইমাম আহমদ ও অন্যান্য মুহাদ্দিসগণ হাদিসটিকে যয়ীফ বলেছেন। ইমাম ইবনে কাসীর হাদিসটিকে হাসান বলেছেন। এই মতভেদের কারণ হলো, এই হাদিসের একজন রাবী ইয়াযীদ বিন আবী যিয়াদ বিতর্কিত, অধিকাংশ মুহাদ্দিসগণ তাকে যয়ীফ বলেছেন। কেউ কেউ ছিকাহ-নির্ভরযোগ্য বলেছেন। তবে এধরণের রাবীদের বর্ণনা নি:সন্দেহে অন্য হাদিসের শাহেদ-সমর্থক হতে পারে। এজন্যই শায়েখ আলবানী রহ. এই হাদিসটিকে সাওবান রাযি. হতে বর্ণিত হাদিসের শাহেদ-সমর্থক গণ্য করেছেন এবং এই হাদিসের সাথে মিলে তা শক্তিশালী হওয়ার কারণে তাকে হাসান বলেছেন।[63]

62 : সুনানে ইবনে মাজাহ, ৪০৮২

63 : আযযুয়াফা, ইমাম উকাইলী, ৪/৩৮০-৩৮১; আলবিদায়া ওয়াননিহায়া, ৯/২৭৯; মুসান্নাফে ইবনে আবী শাইবার টিকা, শায়েখ আওয়ামা, ১/৪৬৪-৪৬৫ সিলসিলাতুস আহাদিসিল যয়ীফাহ, শায়েখ আলবানী, ১/১৯৭

حدثنا حرملة بن يحيى المصري، وإبراهيم بن سعيد الجوهري، قالا: حدثنا أبو صالح عبد الغفار بن داود الحراني، حدثنا ابن لهيعة، عن أبي زرعة عمرو بن جابر الحضرمي، عن عبد الله بن الحارث بن جزء الزبيدي: قال رسول الله صلى الله عليه وسلم: «يخرج ناس من المشرق فيوطئون للمهدي». يعني: سلطانه. رواه ابن ماجه (٤٠٨٨)، وقال الحافظ شهاب الدين البوصيري في «مصباح الزجاجة في زوائد سنن ابن ماجه» : (٤ : ٢٠٥) : (هذا إسناد ضعيف لضعف عمرو بن جابر وابن لهيعة).

قال الراقم عفا الله عنه: أما عبد الله بن لهيعة، فقد صرَّح الحافظ في طبقات المدلسين : (ص: ١٤) بأن ضعفه يسير، وقال الذهبي في «سير أعلام النبلاء» (٨ : ١٤) : (وبعض الحفاظ يروي حديثه، ويذكره في الشواهد والاعتبارات، والزهد، والملاحم، لا في الأصول، وبعضهم يبالغ في وهنه، ولا ينبغي إهداره، وتتجنب تلك المناكير، فإنه عدل في نفسه). فظهر بهذا أنه صالح للاعتبار والاستشهاد.

وأما عمرو بن جابر الحضرمي، فقد اختلفوا فيه، ضعَّفه جماعة ووثَّقه آخرون، ولعل القول الفيصل فيه هو ما ذكره أبو حاتم والحافظ ابن حجر: أنه صالح الحديث، فيعتبر حديثه في المتابعات والاستشهاد، قال الحافظ العجلي في معرفة الثقات (٢ : ١٧٣) : (عمرو بن جابر الحضرمي مصرى تابعي ثقة، وكان يغلو في التشيع). وقال الذهبي في ميزان الاعتدال: (٣ : ٢٥٠) : (قال أبو حاتم: صالح الحديث. وضعفه أبو أحمد بن عدي وغيره). اهـ. وقال الحافظ المغلطائي في إكمال تهذيب الكمال (١٠ : ١٣٨) : وفي رواية الأثرم عن أحمد: ابن لهيعة يروى

عنه أحاديث مناكير. وذكره الساجي، والعقيلي، وأبو العرب في جملة الضعفاء. وقال السعدي: غير ثقة على جهل وحمق ينسب إليه لزيغه. وذكره البرقي في جملة الضعفاء المتشيعين، وكانوا ثقات، وذكره يعقوب بن سفيان في جملة «الثقات». وقال بعد كلام: (هؤلاء - يعني ثقات المصريين الذين ذكرهم إلى عبد العزيز مليل - أوثق من أهل الكوفة، وإن لم يكونوا أوثق فلا يَقِلُّون). اهـ.

وقال الحافظ ابن حجر في بذل الماعون في فضل الطاعون : (ص : ٢٨١) : (حديثه صالح في الشواهد، وإن كان بعضهم قد ضعفه).

অর্থ: “পূর্ব দিক হতে কিছু লোক বের হবে, তারা মাহদির রাজত্ব প্রতিষ্ঠায় সহায়ক হবে” ।64

হাদিসের মান:- এ হাদিসের দুজন রাবী যয়ীফ, একজন ইবনে লাহিয়াহ, তিনি যয়ীফ হলেও হাফেয ইবনে হাযার বলেন, “তার দূর্বলতা সামান্য”। হাফেয যাহাবী বলেন, কোন কোন মুহাদ্দিস তার হাদিস দুনিয়াবিমুখীতা, ভবিষ্যত-যুদ্ধবিগ্রহ এবং মুতাবি’ ও শাহেদের ক্ষেত্রে গ্রহণ করেন, কিন্তু কেউ কেউ এসব ক্ষেত্রেও গ্রহণ করেন না। এটা ঠিক নয়, কেননা তিনি বাস্তবে আদেল-সত্যবাদী। (তার লিখিত হাদিসের কিতাব-নোট পুড়ে যাওয়ার কারণে তার বর্ণিত অনেক হাদিসে সমস্যা হয়েছে।)65

অপরজন আবু যুরআ আমর বিন জাবের, তিনি বিতর্কিত রাবী, ইমাম আহমদ, নাসায়ী, সাজী, উকাইলী, আবুল আরব, ইবনে আদী, ইবনে হিব্বান ও দারাকুতনী তাকে যয়ীফ বলেছেন, কিন্তু ইয়াকুব বিন শাইবা (মৃত্যু: ২৭৭ হি.) বারকী ও ইযলী তাকে নির্ভরযোগ্য বলেছেন। আর আবু হাতেম রাযী বলেন, তিনি صالح الحديث অর্থাৎ তার হাদিস অন্য

64 : সুনানে ইবনে মাজাহ, ৪০৮৮

65 : তবাকাতুল মুদাল্লিসিন, হাফেয ইবনে হাযার, পৃ: ১৪ সিয়ারু আলামীন নুবালা, ১৫/১১

হাদিসের সমর্থক হওয়ার যোগ্য। হাফেয ইবনে হাযার রহ. বলেন, কেউ কেউ তাকে যয়ীফ বললেও তার হাদিস অন্য হাদিসের সমর্থক হওয়ার যোগ্য।[66]

66 : মিযানুল ইতিদাল, যাহাবী, ৩/২৫০; মা'রিফাতুছ ছিকাত, হাফেয ইজলী, ২/১৭৩; ইকমালু তাহযীবিল কামাল, হাফেয মুগলতায়ী, ১০/১৩৮; বাজলুল মাউন, হাফেয ইবনে হাযার, পৃ: ২৮১